# সমঝোতা স্মারক
# (Memorandum of Understanding)

যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটি (আইটি ভিশন সোসাইটি)

অক্টোবর, ২০১৪ খ্রিঃ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কঘ ৩৮৪৬৯১১

**যুব উন্নয়ন অধিদপ্তর এবং ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটি-এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক**

**(Memorandum of Understanding)**

বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুবসমাজের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ অধিদপ্তর, যার ঠিকানা-যুব ভবন, ১০৮ মতিঝিল বা /এ, ঢাকা-১০০০ এবং আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুবদেরকে বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তা প্রদান করে থাকে। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ৬৪টি জেলায় প্রতিষ্ঠানিক ও ৪৯৬টি উপজেলায় (১০টি মেট্রোপলিটান ইউনিট থানাসহ) অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে এবং প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চারনমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর শুরু থেকে এ পর্যন্ত মোট ৪২,৩৭,৪৬২ জন যুবক ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ দিয়েছে। এদের মধ্যে ২০,০৩,৫২৮ জন আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। তাদের মধ্যে ৮,১৩,৮৯৭ জন যুব উন্নয়ন অধিদপ্তর হতে ঋণ সুবিধা গ্রহণ করে সমাজে প্রতিষ্ঠিত হতে পেরেছে।

অন্যদিকে, ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটি (আইটি ভিশন সোসাইটি) একটি অলাভজনক, অরাজনৈতিক, স্বেচ্ছাসেবী ও সেবামূলক বেসরকারী প্রতিষ্ঠান, যার ঠিকানা- বাড়ি-৪০৭/৯, রোড- ৭ (পশ্চিম), ডিওএইচএস, বারিধারা, ক্যান্টনমেন্ট, ঢাকা। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে আইটি ভিশন সোসাইটি দেশের প্রত্যন্ত অঞ্চলে বেকার যুবদের প্রতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক স্থাপিত রংপুর বিভাগের রংপুর, লালমনিরহাট ও দিনাজপুর জেলার প্রতিটি উপজেলায় ২টি করে মোট ৫৮টি কম্পিউটার ল্যাব ব্যবহারের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আইটি ভিশন সোসাইটিকে অনুমতি দিয়েছে।

যেহেতু যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচির সাথে ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটি (আইটি ভিশন সোসাইটি) কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচির সামঞ্জস্য রয়েছে এবং আইটি ভিশন সোসাইটি যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে পার্টনারশীপ ভিত্তিতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় আগ্রহী, সেহেতু যুবসমাজের বৃহত্তর কল্যাণের স্বার্থে যুব উন্নয়ন অধিদপ্তর এবং আইটি ভিশন সোসাইটি একটি সমঝোতা স্মারক স্বাক্ষরে সম্মত হয়।

**সমঝোতা স্মারকের উদ্দেশ্যাবলী ঃ**

ক. দেশে তথ্যপ্রযুক্তি ও কারিগরি বিষয়ে দক্ষ মানবসম্পদ তৈরী করা।

খ. প্রশিক্ষিত দক্ষ মানবসম্পদের জন্য দেশে ও বিদেশে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা।

গ. দেশের প্রত্যন্ত অঞ্চলের বেকার যুবদের জন্য তথ্যপ্রযুক্তি ও কারিগরি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা।

**যুব উন্নয়ন অধিদপ্তরের করণীয় ঃ**

১. যুব উন্নয়ন অধিদপ্তর উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় ও উপযুক্ত প্রশিক্ষণার্থী বাছাইকরণে আইটি ভিশন সোসাইটিকে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে।

২. প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় যুব উন্নয়ন অধিদপ্তরের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কঘ ৩৮৪৬৯১৪

৩. আইটি ভিশন সোসাইটি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় যুব উন্নয়ন অধিদপ্তরের দক্ষ প্রশিক্ষকদের সহায়তা চাইলে যুব উন্নয়ন অধিদপ্তর সংশ্লিষ্ট ট্রেডের প্রশিক্ষক প্রেরণ করে আইটি ভিশন সোসাইটিকে সহায়তা করবে। তবে আইটি ভিশন সোসাইটিকে এজন্য সংশ্লিষ্ট প্রশিক্ষককে উপযুক্ত সম্মানী প্রদান করতে হবে।

৪. যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রসমূহে (আবাসিক/ অনাবাসিক/ ভ্রাম্যমাণ) অনুষ্ঠেয় কোর্সসমূহে অতিথি বক্তা হিসেবে আইটি ভিশন সোসাইটির দক্ষ প্রশিক্ষকদের যুব উন্নয়ন অধিদপ্তর আমন্ত্রণ জানাবে এবং বিধি মোতাবেক সম্মানী প্রদান করবে।

আইটি ভিশন সোসাইটির করণীয় ঃ

১. আইটি ভিশন সোসাইটি উপযুক্ত প্রশিক্ষণার্থী বাছাই/নির্বাচনে যুব উন্নয়ন অধিদপ্তরের সহযোগিতা গ্রহণ করবে।

২. আইটি ভিশন সোসাইটি প্রশিক্ষণ কোর্স পরিচালনা বিষয়ক তথ্য নিয়মিত যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/ উপজেলা কার্যালয়ে সরবরাহ করবে।

৩. প্রশিক্ষণ কোর্স উদ্বোধন ও সমাপনিতে আইটি ভিশন সোসাইটি যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/ উপজেলা কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করবে।

৪. আইটি ভিশন সোসাইটি যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/ উপজেলা কর্মকর্তাদের প্রশিক্ষণ কোর্সে অতিথি বক্তা হিসেবে আমন্ত্রণ জানাবে।

৫. আইটি ভিশন সোসাইটি কেবল সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের যৌথ স্বাক্ষরে সনদপত্র প্রদানের জন্য নামের তালিকাসহ পূরণকৃত সনদপত্র যুব উন্নয়ন অধিদপ্তরের স্থানীয় কার্যালয়ের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

৬. আইটি ভিশন সোসাইটি সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের দেশে ও বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করবে।

৭. আইটি ভিশন সোসাইটি ছয় মাস পর পর বেকার যুবদের প্রশিক্ষণ গ্রহণ, দেশে ও বিদেশে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের অগ্রগতির সমন্বিত প্রতিবেদন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক বরাবরে প্রেরণ করবে।

৮. যুব উন্নয়ন অধিদপ্তরের পরামর্শ ও অনুমোদিত নমুনা অনুযায়ী আইটি ভিশন সোসাইটি নিজ ব্যয়ে প্রয়োজনীয় সংখ্যক সনদপত্র মুদ্রণ করবে।

যুব উন্নয়ন অধিদপ্তর ও আইটি ভিশন সোসাইটির যৌথভাবে করণীয় ঃ

১. যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ও আইটি ভিশন সোসাইটির চেয়ারম্যান এর যৌথ স্বাক্ষরে সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান করা হবে।

২. যুব উন্নয়ন অধিদপ্তর এবং আইটি ভিশন সোসাইটি কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মসূচি ও অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে উভয় প্রতিষ্ঠান যৌথভাবে কাজ করবে।

৩. এ সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন মতবিরোধ বা সমস্যার উদ্ভব হলে উভয় প্রতিষ্ঠান যৌথভাবে তা সমাধান করবে। অথবা যে কোন প্রতিষ্ঠানের প্রধান যে সিদ্ধান্ত গ্রহণ করবে তাই চূড়ান্ত বলে গণ্য হবে।

৪. আইটি ভিশন সোসাইটি কর্তৃক প্রতি বছর কর্মসূচি বাস্তবায়নের সাথে সম্পৃক্ত যুব উন্নয়ন অধিদপ্তর এবং আইটি ভিশন সোসাইটি কর্মকর্তাদের অংশগ্রহণে কেন্দ্রীয়ভাবে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠানের আয়োজন করবে। সভা আয়োজনের সকল খরচ আইটি ভিশন সোসাইটি বহন করবে। তবে সভা অনুষ্ঠানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর ভেন্যু এবং প্রয়োজনে আবাসনের ব্যবস্থা করবে।

৫. এ সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী পাঁচ বছর কার্যকর থাকবে। তবে উভয় পক্ষের সম্মতিতে এ সমঝোতা স্মারকের মেয়াদ বৃদ্ধি করা যাবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কঘ ৩৮৪৬৯১৫

৬. জেলা ও উপজেলা পর্যায়ে আইটি ভিশন সোসাইটি যুব উন্নয়ন অধিদপ্তরের ভেন্যু (শূন্য সাপেক্ষে) ব্যবহার করে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে পারবে। তবে এক্ষেত্রে আইটি ভিশন সোসাইটি প্রয়োজনীয় প্রশিক্ষণ যন্ত্রপাতি ও উপকরণ সরবরাহ করবে।

**যুব উন্নয়ন অধিদপ্তর ও আইটি ভিশন সোসাইটির ফোকাল পয়েন্ট ঃ**

এ সমঝোতা স্মারক সুষ্ঠুভাবে বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে পরিচালক (পরিকল্পনা) এবং আইটি ভিশন সোসাইটির পক্ষে মাহাবুব আলম, প্রজেক্ট ডিরেক্টর ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন।

উল্লেখিত শর্তাবলী বিবেচনাপূর্বক উভয় পক্ষই একমত হয়ে অদ্য ১৩-১০-২০১৪ খ্রিঃ তারিখে এ সমঝোতা স্মারক স্বাক্ষর করলাম।

ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটি (আইটি ভিশন সোসাইটি) - এর পক্ষে

13/10/2014

(ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) ডাঃ ইসমাইল হোসেন)
চেয়ারম্যান

Brig Gen Md Ismail Hossain (Retd)
Chairman
Information Technical Vision Society

যুব উন্নয়ন অধিদপ্তর বাংলাদেশ-এর পক্ষে

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক

আনোয়ারুল করিম
মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সাক্ষী :
১।
Emdadul Karim
13/10/2014

সাক্ষী:
১। ১৩/১০/১৪